



স্মারক নং- বেরোবি/রেজি:/কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২১/২৫৯

তারিখ

০৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ

১৬ ফেব্রুয়ারি ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি


বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক. পদের বিবরণ:

ক্র নং	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল: ২০১৫ অনুযায়ী)
১	উপ-প্রধান প্রকৌশলী	১ (এক)	৪৩০০০-৬৯৮৫০/- গ্রেড-০৫

খ. আবেদন ফরম সংগ্রহ ও জমা:

১. বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.brur.ac.bd) বিজ্ঞাপিত পদের শর্তাবলী ও আবেদন ফরম পাওয়া যাবে। রেজিস্ট্রার দপ্তরাধীন সংস্থাপন শাখায় সরাসরি বা ডাকযোগে রবিবার থেকে বৃহস্পতিবার(সরকারি ছুটির দিন ব্যতীত) সকাল ১০.০০টা থেকে বিকাল ৪.০০টা পর্যন্ত আবেদন ফরম জমা দেওয়া যাবে।
২. বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফরমে ০৭ (সাত) সেট আবেদন ফরম জমা দিতে হবে।
৩. আবেদন ফরমের সাথে রেজিস্ট্রার, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এর অনুকূলে জনতা ব্যাংকের যে কোন শাখা থেকে ৫০০/- (পাঁচ শত) টাকার ব্যাংকড্রাফট/পে-অর্ডার(অফেরতযোগ্য) এবং প্রতি সেট আবেদন ফরমের সাথে ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ ও নম্বর পত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতা সনদের সত্যায়িত অনুলিপি এবং চারিত্রিক সনদপত্রের মূল কপি সংযুক্ত করে ডাকযোগে অথবা সরাসরি রেজিস্ট্রার দপ্তর, বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর-এ জমা দিতে হবে। সকল কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয় শিক্ষক/বিশ্ববিদ্যালয়ের প্রথম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (নামাংকিত সিলসহ) হতে হবে। সাক্ষ্যকারের সময় সকল সনদপত্রের মূল কপি উপস্থাপন করতে হবে।
৪. প্রার্থীর যোগাযোগের বর্তমান ঠিকানা লিখিত ৭/(সাত) টাকার ডাকটিকিট যুক্ত ১০x৪.৫ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৫. বিজ্ঞাপিত পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার মাধ্যমে শর্টলিস্ট তৈরি করে বাছাই বোর্ড কর্তৃক সাক্ষ্যকার গ্রহণ করা হবে।
৬. বিধি মোতাবেক সকল কোটা অনুসরণ করা হবে।
৭. চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
৮. খামের উপর অবশ্যই পদের নাম বাম দিকে স্পষ্টাক্ষরে লিখতে হবে।
৯. ক্রেটিভ, অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না।
১০. উপরে উল্লিখিত এক বা একাধিক শর্ত পূরণ না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১১. বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে আবেদন পত্র এবং এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন, আংশিক বা সম্পূর্ণ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১২. কোন ধরনের লিখিত বা মৌখিক তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। নিয়োগ পাওয়ার পর কোন অনৈতিক পন্থা অবলম্বনের অভিযোগ প্রমাণিত হলে চাকরির যেকোন পর্যায়ে আইনানুগ ব্যবস্থা(চাকরিচ্যুতিসহ) গ্রহণ করা হবে।
১৩. আবেদন ফরম গ্রহণ ও জমা দেওয়ার শেষ তারিখ ও সময়: ১০ মার্চ ২০২১ বিকাল ৪:০০টা। উক্ত তারিখের পর কোন আবেদন ফরম গ্রহণ করা হবে না। তবে গত ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে (স্মারক নং- বেরোবি/রেজি:/কর্মকর্তা নিয়োগ-বিজ্ঞপ্তি/২০২০/৬৭১; তারিখ: ১৫-০৯-২০২০) যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই।


স্বাক্ষরিত

কর্ণেল আবু হেনা মুস্তাফা কামাল (অব.)
রেজিস্ট্রার
বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর।
ই-মেল: registrar@brur.ac.bd

৩ কলাম X ৬ ইঞ্চি

ই-মেল: registrar@brur.ac.bd